Drupal এর জন্য নির্দেশ পত্র

স্পোকেন টিউটোরিয়াল দল

আই আই টি বোম্বে

**1-অনুশীলন করার পদ্ধতি**

1. আপনাকে স্পোকেন টিউটোরিয়ালের একটি সেট এবং ফাইল দেওয়া হয়েছে।
2. আপনি সাধারণত এক সময়ে একটি টিউটোরিয়াল করতে পারবেন।
3. আপনি স্পোকেন টিউটোরিয়াল শুনতে পারেন এবং side-by-side ভিডিওতে দেখানো সকল পদক্ষেপ পুনরায় করে দেখতে পারেন।
4. আপনার উপরোক্ত কাজ কঠিন মনে হলে সম্পূর্ণ টিউটোরিয়াল একবার শুনুন এবং তারপর দ্বিতীয়বার শোনার দরুন অনুশীলন করুন।

**2. Drupal**

1. আপনার কম্পিউটারে spoken নামক ফোল্ডার খুঁজুন এবং তা খুলুন (বা আপনার সমন্বয়কারী / প্রশিক্ষককে জিজ্ঞাসা করুন)
2. index.html এ ডান ক্লিক করে ফায়ারফক্স / ক্রোম ব্রাউজার দ্বারা ফাইলটি খুলুন। ইন্টারনেট এক্সপ্লোরার দিয়ে খুলবেন না। এটি স্পোকেন টিউটোরিয়াল সঠিকভাবে সম্পাদন নাও করতে পারে।
3. নিম্নলিখিত কোন ধাপ কাজ না করলে, আপনার ব্রাউজারটি যাচাই করুন। আপনি যদি  ইন্টারনেট এক্সপ্লোরার ব্যবহার করেন তাহলে এটি বন্ধ করুন এবং ফায়ারফক্স / ক্রোম দিয়ে পুনরায় চালু করুন।
4. Side-by-Side (সাইড-বাই-সাইড ) মেথড ভিডিও ডিফল্টরূপে প্রদর্শিত হয়। এটি একটি সহজ স্ব-শিক্ষা পদ্ধতি ব্যাখ্যা করে। প্রথমে এই টিউটোরিয়ালটি শুনুন। আপনি স্পোকেন টিউটোরিয়াল ব্যবহার করে ড্রুপাল শিখতে এই পদ্ধতি অনুসরণ করুন।
5. পর্দার উপরের অংশে, Select Foss Category ড্রপ ডাউনে টিপুন এবং Drupal চয়ন করুন।
6. Select Language ড্রপ ডাউনে টিপুন এবং উপলব্ধ ভাষার মধ্যে যে ভাষায় শিখতে চান তা চয়ন করুন।
7. Submit বোতামে টিপুন।
8. আপনি আপনার নির্বাচনের উপর ভিত্তি করে টিউটোরিয়ালের তালিকা দেখবেন।
9. প্রদর্শিত তালিকার প্রথম টিউটোরিয়াল দিয়ে শুরু করুন।

**3. প্রথম টিউটোরিয়াল: Overview of Drupal**

1. Overview of Drupal টিউটোরিয়াল খুঁজুন এবং এটিতে  টিপুন।
2. টিউটোরিয়ালটি Drupal এবং এই শৃঙ্খলার ওভারভিউ সম্পর্কে ব্যাখ্যা করে।
3. আপনি কথ্য অংশের বিষয়বস্তুর উপ শিরোনাম টেক্সট দেখতে চাইলে spoken ফোল্ডারে প্রদত্ত README.txt তে নির্দেশাবলী অনুসরণ করুন।
4. প্লেয়ারে টিপুন এবং টিউটোরিয়ালটি দেখুন।
5. একবার টিউটোরিয়ালটি সমাপ্ত হলে, প্লেলিস্ট উইন্ডোতে পরবর্তী টিউটোরিয়াল Installation of Drupal এ টিপুন।

## 4. দ্বিতীয় টিউটোরিয়াল: **Installation of Drupal**

1. Installation of Drupal টিউটোরিয়াল খুঁজুন।
2. এই টিউটোরিয়ালটি Bitnami Drupal Stack ব্যবহার করে Windows OS এবং উবুন্টু লিনাক্স OS এ Drupal ৪ এর সংস্থাপন ব্যাখ্যা করে।
3. আপনার সিস্টেম অ্যাডমিনস্ট্রেটর ইতিমধ্যে আপনার কম্পিউটারে Bitnami Drupal সংস্থাপিত করেছে।
4. Side-by-Side মেথড ব্যবহার করে অনুশীলন করতে, টিউটোরিয়াল যুক্ত ওয়েব ব্রাউজারের আকার স্ক্রিনের বাম অর্ধকাংশে বিন্যস্ত করুন। ডান অর্ধেক অংশে ফাইল ব্রাউজার / এক্সপ্লোরার খুলুন এবং যথাযতভাবে রাখুন।
5. আপনি লিনাক্সের ব্যবহারকারী হলে, ভিডিওতে সময় 6:51 এ যান এবং সেখান থেকে নির্দেশাবলী অনুসরণ করুন। 7:09 এ টিউটোরিয়ালটি আপনাকে drupal-8.1.3-0 ফোল্ডার খোলার অনুরোধ জানায়। আপনার সিস্টেমে Drupal এর একটি নতুন সংস্করণ উপস্থিত থাকলে, ফোল্ডারের নামে একটি উচ্চ সংখ্যা থাকবে। এখন এই ফোল্ডারটি খুলুন।
6. উইন্ডোজ ব্যবহারকারীরা ভিডিওতে সময় 7:27 এ যেতে পারে এবং Bitnami Drupal Manager Tool কিভাবে খোলে তা শিখতে পারে।
7. Servers শুরু করতে নির্দেশাবলী অনুসরণ করুন।
8. আপনি 8:33 তে Go to Application এ টিপলে, Bitnami Drupal Stack শিরোনাম সহ একটি নতুন উইন্ডো খুলবে। যদি এটি একটি নতুন ট্যাবে খোলে, একটি নতুন উইন্ডো বানাতে এটিকে বাইরে টেনে আনুন।
9. উপরে উল্লিখিত Bitnami Drupal Stack উইন্ডোর মাপ বদলান এবং কম্পিউটার স্ক্রিনের ডান অর্ধকাংশে এটি মানানসই করে side-by-side মেথড অনুসরণ করুন।
10. Access Drupal এ টিপে আপনার Drupal ওয়েবসাইটের মূল পৃষ্ঠা খুলুন।
11. 9:00 মিনিট সময় পর্যন্ত টিউটোরিয়ালের অনুশীলন চালিয়ে যান। এখানে প্রদান করা Username হল admin এবং Password হল drupal8gr8(এটি ভিন্ন হলে অনুগ্রহ করে আপনার সমন্বয়কারী / প্রশিক্ষকের সাথে পরামর্শ করুন)
12. এগিয়ে যান এবং টিউটোরিয়ালটি সমাপ্ত করুন।

## 5 তৃতীয় টিউটোরিয়াল: **Content Management in Admin Interface**

1. যদি ওয়েব সার্ভার না চলে অথবা আপনি ইতিমধ্যে লগ ইন না করে থাকলে, অনুচ্ছেদ 4 এ 5 থেকে 11 পর্যন্ত নির্দেশাবলী অনুসরণ করুন।
   (a) সার্ভার শুরু করে Drupal মেন পৃষ্ঠা অ্যাক্সেস করুন এবং
   (b) admin হিসাবে লগইন করুন।

   আপনি আপনার Drupal সাইটের সাথে নতুন করে কাজ করতে চাইলে আপনাকে উপরোক্ত বিষয় যাচাই করতে হবে। কম্পিউটার বন্ধ করা, ব্রাউজার ক্যাশে পরিষ্কার করা ইত্যাদিও সার্ভার বন্ধ করবে এবং লগ আউট করবে। অন্যথায়, আপনি শুধু পূর্ববর্তী টিউটোরিয়াল থেকে অব্যাহত রাখতে পারেন।
2. বর্তমান টিউটোরিয়ালের নীচে স্ক্রোল করুন এবং কোড ফাইল অংশ সনাক্ত করুন। তাতে টিপে ফাইলটি ডাউনলোড করুন (ZIP আর্কাইভ) এতে logo.png ফাইল থাকে যা এই টিউটোরিয়াললের জন্য আবশ্যক। আপনি এটি একটি ফোল্ডারে কপি করে ব্যবহার করতে পারেন যা এই টিউটোরিয়ালে প্রস্তাবিত করা হয়েছে।
3. এই টিউটোরিয়ালটি সম্পন্ন করার পর, অ্যাসাইনমেন্ট বিভাগে প্রদত্ত সমস্যা সম্পন্ন করে আপনার শেখার শক্তি বাড়ান।

## 6. পরবর্তী টিউটোরিয়াল

অনুচ্ছেদ 5 এ উল্লিখিত নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে সকল Drupal টিউটোরিয়াল সমাপ্ত করুন। বিশেষ করে, সকল টিউটোরিয়ালের জন্য নিম্ন কাজগুলি করুন:

1. যদি সার্ভার না চলে, সার্ভার আরম্ভ করুন।
2. লগইন না থাকলে admin হিসাবে লগ ইন করুন।
3. ডাউনলোড, কপি এবং কোড ফাইল ব্যবহার করুন।
4. অনুশীলনী করুন।

## 7. আপনার ইংরেজি উন্নত করা

1. এটি সম্ভব যে আপনি ইংরেজি ভাষায় দক্ষ নাও হতে পারেন। তা হলে, আপনি অনেক অন্যান্য ভাষা চয়ন করতে পারেন যাতে এই টিউটোরিয়ালগুলি ডাব করা রয়েছে।
2. আপনি ইংরেজী ছাড়া অন্য একটি ভাষা ব্যবহার করে শিখলে, অনুগ্রহ করে ইংরেজিতে সকল টিউটোরিয়াল পুনরাবৃত্তি করুন। এটি আপনার ইংরেজি ভাষায় দক্ষতা উন্নত করবে।
3. দয়া করে আমাদের জানান যে যদি আপনি সেই টিউটোরিয়ালগুলি অন্য কোন ভাষায় ডাব করতে চান, যা বর্তমানে উপলব্ধ নয়।